



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

## অবৈধ/নকল/ক্লোন মোবাইল ফোন হ্যান্ডসেট ক্রয় সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১লা আগস্ট ২০১৯ তারিখ হতে নকল/ক্লোন IMEI সম্বলিত মোবাইল হ্যান্ডসেট মোবাইল নেটওয়ার্কে সংযুক্ত হলে পরবর্তীতে National Equipment Identity Register (NEIR) এর মাধ্যমে নেটওয়ার্ক হতে বিচ্ছিন্ন করা হবে। এমতাবস্থায়, মোবাইল ফোন হ্যান্ডসেট ক্রয়ের পূর্বে সেটটির IMEI এর সঠিকতা নিম্নোক্ত পদ্ধতি অনুসরণপূর্বক যাচাই করে ক্রয় করা এবং বিক্রেতার নিকট হতে ক্রয় রশিদ গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

যে কোন মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে KYD<space>১৫ ডিজিটের IMEI নম্বর লিখে ১৬০০২ তে প্রেরণ করতে হবে [Example: KYD 123456789012345]।

উল্লেখ্য যে, \*#06# ডায়াল করার মাধ্যমে হ্যান্ডসেটের IMEI জানতে পারবেন। জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারী করা হলো।

29 JUL 2019

উপ-পরিচালক

স্পেকট্রাম বিভাগ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন